



NOTICE

১৬ জানুয়ারি, ২০২৪

প্রিয় অভিভাবক/অভিভাবিকাবৃন্দ,

আস্-সালামু আলাইকুম। আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০২৪-এর চূড়ান্ত পর্ব আগামী ২১ ও ২২ জানুয়ারি, ২০২৪ (রবিবার ও সোমবার) বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে। সে লক্ষ্যে ১৮ জানুয়ারি, ২০২৪ (বৃহস্পতিবার) থেকে ২০ জানুয়ারি, ২০২৪ (শনিবার) পর্যন্ত প্লে-গ্রুপ থেকে দশম শ্রেণি (বাংলা ও ইংলিশ ভার্শন)-এর প্রতিটি ইভেন্টে বাছাই পর্ব অনুষ্ঠিত হবে। তাই, আগামী ১৭ জানুয়ারি, ২০২৪ (বুধবার)-এর মধ্যে উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের স্ব স্ব শ্রেণির শ্রেণি শিক্ষকের নিকট নাম রেজিস্ট্রেশন সম্পন্ন করার অনুরোধ করা যাচ্ছে।

এছাড়া, অতি আনন্দের সাথে জানাচ্ছি যে, আগামী ২৪ জানুয়ারি, ২০২৪ (বুধবার) দিনব্যাপী 'বার্ষিক মেলা-২০২৪' অনুষ্ঠিত হবে। যা চলবে সকাল ১০:০০টা থেকে বিকেল ৪:০০টা পর্যন্ত। মেলায় সর্বমোট ২০টি স্টল থাকবে। সকল স্টলগুলো অভিভাবকরাই বরাদ্দ পাবেন। আমাদের সম্মানিত অভিভাবকদের মধ্যে যারা বিভিন্ন ক্ষেত্রে উদ্যোক্তা হিসেবে কাজ করছেন তারা অগ্রাধিকার ভিত্তিতে ১০টি স্টল বরাদ্দ পাবেন। এছাড়া বাকি স্টল যে কোন অভিভাবক বরাদ্দ নিতে পারবেন। অভিভাবক ব্যতীত বহিরাগত কেউ স্টলের বরাদ্দ নিতে পারবেন না। তবে মেলাটি দুপুর ২টা থেকে বিকেল ৪টা পর্যন্ত সকল শ্রেণি/পেশার মানুষের জন্য উন্মুক্ত থাকবে। মেলায় যে সকল ক্যাটাগরিতে স্টল বরাদ্দ দেয়া হবে তা নিম্নে উল্লেখ করা হলো।

- ১) শিক্ষা উপকরণ ও শিক্ষা সামগ্রী।
- ২) হস্ত ও কুটির শিল্প।
- ৩) তৈরি পোশাক, শাড়ি ও কসমেটিকস্।
- ৪) পিঠা ও খাদ্য সামগ্রী।
- ৫) তথ্য ও প্রযুক্তি।

বিঃদ্রঃ উপরোক্ত ক্যাটাগরির ব্যতীত কোন স্টল বরাদ্দ দেয়া হবে না। আগ্রহী অভিভাবকগণদের ২০ জানুয়ারি, ২০২৪ (শনিবার)-এর মধ্যে প্রতিষ্ঠানের 'ইনফরমেশন ও হেল্প ডেস্ক'-এ রেজিস্ট্রেশন সম্পন্ন করার অনুরোধ করা যাচ্ছে। এছাড়া প্রয়োজনে যোগাযোগ করতে পারেন ০১৭৯-৮৮ ৬৬ ৯৪৪ এই নম্বরে।

প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
লিবার্টি ইন্টারন্যাশনাল স্কুল